১৮৭৮০

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ভোলা-১৯/ ২৮৮৬৩ তারিখঃ২১/০৬/২০১৭খ্রিঃ

বিষয় ঃ অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ ১) নং- ৫৭.০০.০০০০.০৮৫.০১.০২২.১৫-৪১৮; তারিখঃ ০১ জুন ২০১৭খ্রিঃ
২) নং- ১০.০৯৯১.০০০০.০২.০০১.১৬-২৭৩; তারিখঃ ০২.০৫.২০১৬ইং
৩) নং- বামাশিবো/প্রশা/ভোলা-১৯/১৩৫১; তারিখঃ ২৬/০৪/২০১৬খ্রিঃ
৪) নং-৩৭.০০.০০০০.০৭৫.০১.০২২.১৫-২৬৩; তারিখঃ ০২ সেপ্টেম্বর ২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার লালমোহন উপজেলাধীন বাংলাবাজার মাহমুদিয়া দাখিল মাদরাসায় ভূয়া ও জালিয়াতি করে কৃষি ডিপ্লোমা সনদ এর মাধ্যমে সহকারী শিক্ষক (কৃষি) পদে নিয়োগ ও অনুমোদনের বিষয়ে জনৈক মমতাজ বেগম (রুনু) শিক্ষা মন্ত্রণালয়ে একটি অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সূত্রে উল্লিখিত ৪নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়।

নির্দেশনার প্রেক্ষিতে অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লালমোহন, ভোলাকে সূত্রোক্ত ৩নং স্মারকে পত্র দেয়া হলে উপজেলা নির্বাহী অফিসার ২নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন।

বর্ণিত প্রতিবেদনটি সূত্রে উল্লিখিত ১নং স্মারকের চাহিদানুযায়ী মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক..৪.. (..চার..) পাতা।

21.06.17
প্রফেসর মোঃ মজিবুর রহমান
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)
ও
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯৬১২৮৫৮

সচিব
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ
১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব মোঃ আবদুল খালেক, সহকারী সচিব (মাদরাসা-২), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লালমোহন, ভোলা।
www.lalmohan.bhola.gov.bd

স্মারক নং- ১০.০৯৯১.০০০০.০২.০০১.১৬ - ২৭৬

তারিখ ঃ ০২/০৫/২০১৬ইং

বিষয় ঃ তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ বামাশিবো/প্রশা/ভোলা-১৬/৮৮৫ তারিখ ঃ ০২/১১/২০১৫ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার লালমোহন উপজেলাধীন বাংলা বাজার মাহমুদিয়া দাখিল মাদ্রাসায় ভূয়া ও জালিয়াতি করে কৃষি ডিপ্লোমা সনদের মাধ্যমে সহকারী শিক্ষক (কৃষি) পদে নিয়োগ অনুমোদনের বিষয়ে জনৈক মমতাজ বেগম (রুনু) এর নিকট থেকে প্রাপ্ত অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামত প্রদানের বিষয়ে বলা হয়েছে। এ বিষয়ে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন প্রদানের জন্য মদন মোহন মন্ডল, উপজেলা একাডেমিক সুপারভাইজারকে দায়িত্ব প্রদান করা হয়। বর্ণিত কর্মকর্তা ২৮/১১/২০১৫খ্রিঃ তারিখে সরেজমিন তদন্ত করে ২৪/০৪/২০১৬খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, আব্দুল মান্নান, সহকারী শিক্ষক (কৃষি শিক্ষা), কৃষি প্রশিক্ষণ ইন্সটিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা থেকে উন্মুক্ত দূর শিক্ষণে কৃষি ডিপ্লোমা কোর্স সম্পন্ন করেছেন। তবে তার ডিপ্লোমার বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য কৃষি প্রশিক্ষণ ইন্সটিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা এর বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।

প্রতিবেদনটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে প্রেরণ করা হল।

(মোঃ শামছুল আরিফ)
উপজেলা নির্বাহী অফিসার
লালমোহন, ভোলা।
ফোন ঃ ০৪৯২৫৭৫৮১৪

রেজিস্ট্রার ও চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

সংযুক্তি ঃ
১। প্রতিবেদন ০১ খানা ও অন্যান্য কাগজপত্র।

স্মারক নং- ১০.০৯৯১.০০০০.০২.০০১.১৬

তারিখ ঃ ০২/০৫/২০১৬ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ
১। জেলা প্রশাসক, ভোলা।
২। জেলা শিক্ষা অফিসার, ভোলা।
৩। অফিস কপি।

(মোঃ শামছুল আরিফ)
উপজেলা নির্বাহী অফিসার
লালমোহন, ভোলা।
ফোন ঃ ০৪৯২৫৭৫৮১৪

Mr. ইউএনও
০২/৫/১৬
(মোঃ শামসুল আরিফ)
উপজেলা নির্বাহী অফিসার
লালমোহন, ভোলা।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়
লালমোহন, ভোলা।

স্মারক নং- উমাশিঅ/লাল/২০১৬- ২৩৫/১ তারিখ ঃ ২৪/০৪/২০১৬খ্রিঃ।

প্রেরক ঃ উপজেলা একাডেমিক সুপারভাইজার
লালমোহন, ভোলা।

প্রাপক ঃ উপজেলা নির্বাহী অফিসার
লালমোহন, ভোলা।

বিষয় ঃ বাংলাবাজার মাহমুদিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক(কৃষি) আবদুল মন্নান এর বিরুদ্ধে ভূয়া জালিয়াতি করে কৃষি ডিপ্লোমা সার্টিফিকেটের মাধ্যমে অবৈধভাবে নিয়োগ অভিযোগের তদন্ত প্রতিবেদন প্রসংগে।

সূত্রঃ মহোদয়ের কার্যালয়ের ডকেট নং-৬৮৬, তারিখ ঃ ০২/১১/২০১৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভোলা জেলাধীন লালমোহন উপজেলার বাংলাবাজার মাহমুদিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক(কৃষি) আবদুল মন্নান এর বিরুদ্ধে ভূয়া জালিয়াতি করে কৃষি ডিপ্লোমা সার্টিফিকেটের মাধ্যমে অবৈধভাবে নিয়োগ অভিযোগের তদন্ত প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে সুপারিশ সহ প্রেরণ করা হল।

২৪/৪/২০১৬

( মদন মোহন মন্ডল)
উপজেলা একাডেমিক সুপারভাইজার
লালমোহন, ভোলা।

বাংলাবাজার মাহমুদিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক(কৃষি) আবদুল মন্নান এর বিরুদ্ধে ভূয়া জালিয়াতি করে কৃষি ডিপ্লোমা সার্টিফিকেটের মাধ্যমে অবৈধভাবে নিয়োগ অভিযোগের তদন্ত প্রতিবেদন ।

মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-৬৮৬,তারিখ- ১২/১১/২০১৫খ্রিঃ পত্রের নির্দেশনা মোতাবেক নিম্নস্বাক্ষরকারী গত ২৮/১১/২০১৫খ্রিঃতারিখ রোজ শনিবার সকাল -১১.০০ ঘটিকায় বাংলাবাজার মাহমুদিয়া দাখিল মাদ্রাসায় সরেজমিনে উপস্থিত হয়ে উক্ত মাদ্রাসার সহকারী শিক্ষক(কৃষি) আবদুল মন্নান এর বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত সম্পন্ন করেন। এর পূর্বে অভিযোগকারী মমতাজ বেগম রুনু এবং আবদুল মন্নান সহ সংশ্লিষ্ট সকলকে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে স্মারক নং-উমাশিঅ/লাল/২০১৫-২৬৩, তারিখ ১৯/১১/২০১৫খ্রিঃ তারিখ পত্রদ্বারা তদন্তকালীন সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। সরেজমিনে তদন্তকালে নিম্ন লিখিত বিষয়গুলি পাওয়া যায় ।

১। অভিযোগকারী মমতাজ বেগম রুনু তার অভিযোগপত্রে উল্লেখ করেছেন যে, আব্দুল মন্নান ১৯৯৭ সালে শেরে বাংলা নগর কৃষি প্রশিক্ষণ ইনিষ্টিটিউট-এ ০৪ বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা কোর্সে ভর্তি হন। কিন্তু এক বছর পর বিবহ বন্ধনে আবদ্ধ হন এবং পরবর্তীতে লেখাপড়া বন্ধ করে পারিবারিক জমাজমির জালজালিয়াতিতে জড়িয়ে পড়েন। ২০০২ সালে একই উপজেলার লেছ ছকিনা দারুচ্ছান্নাহ দাখিল মাদ্রাসার সুপার হারুন সাহেবের যোগসাজসে মোটা অংকের টাকার বিনিময়ে নকল সার্টিফিকেটের মাধ্যমে সকারী শিক্ষক(কৃষি শিক্ষা) পদে চাকুরী নেন এবংএমপিওভূক্ত হয়ে বেতন ভাতা প্রাপ্ত হন। পরবর্তীতে বিষয়টি এলাকায় জানাজানি হলে তিনি উক্ত মাদ্রাসা পরিবর্তন করে একই পন্থায় ০৮/০৬/২০১৩ তারিখে বাংলাবাজার মাহমুদিয়া দাখিল মাদ্রাসায় চাকুরী নেন এবং এমপিও ভূক্ত হন। তার অভিযোগ জাল সার্টিফিকেটের মাধ্যমে দীর্ঘ ১৪ বছর চাকুরি করিয়া সরকারী বেতন ভাতাদি ভোগ করিয়া আসিতেছে। জাল সার্টিফিকেট দিয়ে চাকুরী করে সরকারের লক্ষ্য লক্ষ্য টাকা আত্নসাতের জন্য তিনি উক্ত শিক্ষকের সঠিক বিচার দাবী করেন।

২। অন্যদিকে জনাব আব্দুল মন্নান, পিতা- আবুল কাশেম রত্তন হাং, ৮ নংওয়ার্ড, লামোহন পৌরসভা, ভোলা জানান তিনি ১৯৯৭ সালে শেরে বাংলা নগর কৃষি প্রযুক্তি ইনিষ্টিটিউট-এ কৃষি ডিপ্লোমা কোর্সে দূর শিক্ষণে ভর্তি হন এবং ২০০৪ সালে অনুষ্ঠিতব্য ২০০৩ সালের উন্মুক্ত দুর শিক্ষণের কৃষি ডিপ্লোমা কোর্সের ৬ষ্ঠ পর্বে পরীক্ষায় উত্তীর্ণ হন। তিনি তার রেজিস্ট্রেশন কার্ড, পরীক্ষার প্রবেশপত্র, সকল সেমিস্টারের নম্বর পত্র এবং সনদ পত্রের মূলকপি দেখান। তিনি বলেন তাকে সামাজিকভাবে হেয় প্রতিপন্ন করার জন্য তার বিরুদ্ধে মিথ্যা মামলা দাখিল করেছে। তিনি আরও বলেন ইতিপূর্বে এ বিষয়ে শিক্ষা মন্ত্রাণালয়ের উপ সচিব ডঃ ফারুক আহম্মেদ বরাবরে মূল সনদের ছায়ালিপি, প্রতিষ্ঠান প্রধানের তদন্ত প্রতিবেদন পাঠানো হয়েছে(কপি সংযুক্ত)। জেলা শিক্ষা অফিসার বরাবরে এ বিষয়ে অভিযোগ দাখিল করলে তিনি তদন্ত করে কোন মিথ্যা বা ভূয়া কিছু পাননি। তিনি আরও বলেন অভিযোগকারী মমতাজ বেগম রুনু তা আপন ফুপু। জমিজমা সংক্রান্ত বিরোধের কারণে তাকে হয়রানি করার উদ্দেশ্যে তার বিরুদ্ধে মিথ্যা অভিযোগ দাখিল করেছেন।

পর্যালোচনা ঃ আব্দুল মন্নান,সহকারী শিক্ষক(কৃষি শিক্ষা) গত ১৯৯৭ সালে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকায় ভর্তি হন। তদন্তকালীন সময়ে অভিযোগকারী মমতাজ বেগম রুনু ও আব্দুল মন্নান উভয়েই তাদের পক্ষের সংশ্লিষ্ট সকলকে নিয়ে উপস্থিত ছিলেন। অভিযোগকারী মমতাজ বেগম রুনু শুধুমাত্র অভিযোগপত্র ছাড়া অন্য কিছু দেখাতে পারেননি। অন্যদিকে আব্দুল মন্নান,সহকারী শিক্ষক(কৃষি শিক্ষা) তার কৃষি ডিপ্লোমা ভর্তির রেজিস্ট্রেশন কার্ড, পরীক্ষার প্রবেশপত্র, সকল সেমিস্টারের নম্বর পত্র এবং সনদ পত্রের মূলকপি দেখান। শিক্ষা মন্ত্রাণালয়ের উপ সচিব ডঃ ফারুক আহম্মেদ বরাবরে মূল সনদের ছায়ালিপি, প্রতিষ্ঠান প্রধানের তদন্ত প্রতিবেদন পাঠানো হয়েছে(কপি সংযুক্ত) মর্মে প্রমাণ পাওয়া গেছে। জেলা শিক্ষা অফিসার এ বিষয়ে তদন্ত করে কোন মিথ্যা বা ভূয়া কিছু পাননি বলে জানা যায়। অভিযোগকারী মমতাজ বেগম রুনু তার আপন ফুপু মর্মে প্রমাণ পাওয়া গেছে। জনাব আব্দুল মন্নান ২০০২ সালে লেজছকিনা দারুচ্ছান্নাহ দাখিল মাদ্রাসায় এমপিও ভূক্ত শিক্ষক হিসেবে চাকুরী করেছেন। বর্তমানে তিনি বাংলাবাজার মাহমুদিয়া দাখিল মাদ্রাসায় সহকারী শিক্ষক(কৃষি শিক্ষা) পদে এমপিও ভূক্ত শিক্ষক হিসেবে চাকুরী করছেন।

মন্তব্য ঃ সরেজমিনে তদন্তে এবং সকল কাগজপত্র পর্যালোচনায় আব্দুল মন্নান, সহকারী শিক্ষক(কৃষি শিক্ষা), কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা থেকে উন্মুক্ত দূর শিক্ষণে কৃষি ডিপ্লোমা কোর্স সম্পন্ন করেছেন বলে নিম্নস্বাক্ষরকারীর কাছে মনে হয়েছে এবং তার কৃষি ডিপ্লোমা কোর্সেও সনদপত্রসঠিক বলিয়ম্নে হয়। তবে অধিকতর নিশ্চয়তার জন্য কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা এর সহঅোগিতা নেওয়া যেতে পারে।

২৮/০৮/২০১৫

তদন্তকালে উপস্থিত সদস্যদের স্বাক্ষর

১। মোঃ মতিউল ইসলাম। সুপার ৩; [illegible] মা: দা: মা: [illegible]
২। মোঃ ছানেহউদ্দিন - [illegible]
৩। মোঃ আখতারুজ্জামান, সহঃ সুপার: [illegible], [illegible]
(৪) ফরিদা ইয়াছমিন (মিনু) জুনিয়র শিক্ষক " " "
(৫) মোঃ আনিসুর রহমান - সহকারী (মৌলভী) " "
(৬) মো: সিরাজুল - সহকারী শিক্ষক (গণিত) মো: সিরাজুল " " "
(৭) মোঃ মাহবুবর রহমান (সহকারী শিক্ষক কম্পিউটার) [illegible] ২৫/১১/১৮
(৮) মোঃ আবদুল মান্নান (সহ-কারী কৃষি শিক্ষক) [illegible]
(৯) মো: শামছুজ্জামান (সহকারী শিক্ষক সমাজ) (শামছুজ্জামান
(১০) মো: সোলায়মান (সহঃ মাওলানা এবতেদায়ী প্রধান) সোলায়মান
(১১) মো: ইকবাল হোসেন (সহকারী মৌলভী) [illegible] ২৫/১১/১৮
১২। মোঃ জিল্লুর রহমান সহকারী শিক্ষক
(১৩) মমতাজা বেগম (বেবি) = মোঃ জিল্লুর রহমান